

জবিতে বসবাস করা কর্মচারীদের আবাসস্থল ত্যাগের নির্দেশ

জবি সংবাদদাতা

২৮ মে, ২০২৪
২০:৩০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ক্যাম্পাসে অবস্থিত কেন্দ্রীয় জামে মসজিদ ভবনসহ অন্যান্য একাডেমিক ভবন ও অন্যান্য পার্শ্ববর্তী স্থানে বসবাস করা কর্মচারীদের তিন মাসের মধ্যে আবাসস্থল ত্যাগ করার নির্দেশ দিয়েছে প্রশাসন।

মঙ্গলবার (২৮ মে) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আইনুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশ দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত কেন্দ্রীয় জামে মসজিদ ভবনসহ অন্যান্য একাডেমিক ভবন ও অন্যান্য পার্শ্ববর্তী স্থানে কর্মচারীগণ যত্রতত্র বসবাস করায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। সুষ্ঠু ও স্বাভাবিক শিক্ষা কার্যক্রম পরিচালনার স্বার্থে বসবাসকারী কর্মচারীদের বিশ্ববিদ্যালয়ের আবাসস্থল আগামী ২৬ আগস্টের মধ্যে ত্যাগ করার নির্দেশ প্রদান করা হলো।

এ বিষয়ে রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) আইনুল ইসলাম বলেন, আগে থেকেই বারবার বলা হয়েছিলো, কিন্তু তারা ছেড়ে যায়নি। আমাদের ক্যাম্পাস একবারই ছোট, নতুন প্রশাসন আসার পর বিষয়টি নজরে এসেছে এবং নির্দেশ দেওয়া হয়েছে আবাসস্থল ত্যাগ করার জন্য। তবে মানবিক দিক বিবেচনা করে তাদের তিন মাস সময় দেওয়া হয়েছে।